দৈনিক ইনকিলাব

তারিখ ... 9-OCT-2009 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

বরিশাল ফেনী ও লক্ষ্মীপুরে পর্যালোচনা সভায় নেতৃবৃন্দ

# জমিয়াতুল মোদার্রেছীন প্রদত্ত জাতীয় শিক্ষানীতি ২০০৯-এর সংশোধনী প্রস্তাব মেনে নিন

ইনকিলাব ডেস্ক ঃ প্রস্তাবিত শিক্ষানীতির ওপর বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের পর্যালোচনা ও মতবিনিময় সভা অব্যাহত রয়েছে। জমিয়তে নেতৃবৃন্দ সরকার কর্তৃক প্রস্তাবিত শিক্ষানীতিকে মাদ্রাসা শিক্ষা ধ্বংসের ও মাদ্রাসার আরবী শিক্ষকদের চাকরিচ্যুতির শিক্ষানীতি হিসেবে অবহিত করেন। তাই বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের প্রস্তাবিত শিক্ষানীতি বাস্তবায়নের জন্য সভাসমূহ থেকে সরকারের প্রতি জোর দাবী জানানো হয়েছে। অন্যথায় দেশব্যাপী আন্দোলন গড়ে তোলার কথাও উল্লেখ করা হয়।

**জমিয়াতুল মোদার্রেছীন বরিশাল** প্রেস বিজ্ঞপ্তি ঃ গত ৭ অক্টোবর বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন বরিশাল জেলা শাখার উদ্যোগে সাগরদি ইসলামিয়া কামিল মাদরাসা শিক্ষক মিলনায়তনে জেলা জমিয়তের আহ্বায়ক ও সাগরদি ইসলামিয়া কামিল মাদরাসার প্রিন্সিপাল মাওলানা মোঃ মোশাররফ আলী দেওয়ানের সভাপতিত্বে, জেলা জমিয়তের সদস্য সচিব ও চরকাউয়া নেছারিয়া ফাজিল মাদরাসার প্রিন্সিপাল মাওলানা মুহিউদ্দিন আহমদের পরিচালনায় বিভিন্ন উপজেলার মাদরাসা প্রধান ও শিক্ষকদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন প্রদত্ত জাতীয় শিক্ষানীতি ২০০৯-এর সংশোধনী প্রস্তাব মেনে নেয়ার জন্য সরকারকে আহ্বান জানান। বক্তারা ইবতেদায়ী মাদরাসা শিক্ষকদের রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় বেতন কাঠামো প্রদান, ফাজিল ও কামিল মাদরাসার জনবল কাঠামো প্রদান, স্বতন্ত্র এফিলিয়েটিং আরবী ও ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, দাখিল ও আলিম মাদরাসা প্রধানদের বেতন বৈষম্য দূরীকরণ, স্বয়ংক্রিয় টাইমস্কেল প্রদান, পূর্ণাঙ্গ উৎসব ভাতা প্রদান, সহকারী মৌলভী শিক্ষকদের টুকেম-তে বিএড প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ ও স্কেল প্রদানের জন্য সরকারের প্রতি জোর দাবী জানান। সভায় বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনকে শক্তিশালী করার লক্ষ্যে বরিশাল জেলা ও মহানগর জমিয়তকে কেন্দ্রীয় জমিয়তের কর্মসূচী বাস্তবায়নে সুসংগঠিত ও ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানানো হয়। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল মাওলানা হাবিবুর রহমান (চরমোনাই), অধ্যক্ষ মাওলানা ইব্রাহীম খান (ইসলামাবাদ), উপাধ্যক্ষ মাওলানা আঃ রব (বরিয়া), অধ্যক্ষ মাওলানা মোঃ ইউনুছ (বাকেরগঞ্জ), অধ্যক্ষ মাওলানা এম এ রব (বাকেরগঞ্জ), অধ্যক্ষ মাওলানা আঃ মতিন (বাবুগঞ্জ), অধ্যক্ষ মাওলানা আনসার উদ্দিন (কর্ণকাঠী), অধ্যক্ষ মাওলানা নজরুল ইসলাম (সদর), অধ্যক্ষ মাওলানা আলতাফ হোসেন (পূর্ব চাঁদপুরা), অধ্যক্ষ মাওলানা সাইফুল্লাহ (দুলদ), অধ্যক্ষ মাওলানা সুলতান আহমদ (হিজলা), অধ্যক্ষ মাওলানা মোঃ হানিফ (বাবুগঞ্জ), অধ্যক্ষ মাওলানা শহীদুল ইসলাম (বাবুগঞ্জ), অধ্যক্ষ মাওলানা কামাল উদ্দিন ভুইয়া (রামার পোল), অধ্যক্ষ মাওলানা হাবিবুর রহমান (মেহেন্দিগঞ্জ), অধ্যক্ষ মাওলানা আঃ হাইয়্যান (গুঠিয়াকাঠী), অধ্যক্ষ মাওলানা আঃ গণি মিয়া (বাকেরগঞ্জ), অধ্যক্ষ মাওলানা মাহমুদুল হাসান (বানারী পাড়া), অধ্যক্ষ মাওলানা আঃ রশিদ (মালিকান্দা), উপাধ্যক্ষ মাওলানা নেছার উদ্দিন (কাসেমাবাদ), অধ্যক্ষ মাওলানা মতিউর রহমান (বাকেরগঞ্জ), অধ্যক্ষ মাওলানা নুরুল হক আযহারী (উজিরপুর), সুপার মাওলানা রফিকুল ইসলাম, প্রভাষক মাওলানা বরিশাল মহানগর সেক্রেটারী আবুল কালাম আজাদ, মাওলানা ফরিদুল আলম, মাওলানা ফজলুল হক, মাওলানা এ কে এম ফারুক খান, সুপার মাওলানা রুহুল আমিন প্রমুখ।

**লক্ষ্মীপুর আঞ্চলিক অফিস জানায়,** গতকাল বুধবার বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন লক্ষ্মীপুর জেলা শাখার উদ্যোগে লক্ষ্মীপুর প্রেসক্লাবের জাতীয় শিক্ষানীতি ২০০৯-এর ওপর পর্যালোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের জেলা আহ্বায়ক অধ্যক্ষ আব্দুস ছোবহানের সভাপতিত্বে সভায় প্রস্তাবিত শিক্ষানীতির সমালোচনা করে কেন্দ্রীয় জমিয়াতুল মোদার্রেছীনের উপস্থাপিত প্রস্তাবনা মেনে নেয়ার জন্য সরকারের প্রতি দাবী জানিয়ে প্রধান অতিথির বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব প্রিন্সিপাল ডঃ মাওলানা এ কে এম মাহবুবুর রহমান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রিন্সিপাল মাওলানা মোঃ হারুন, জেলা সদস্য সচিব হাফেজ মাওলানা আবু ছালেহ, প্রিন্সিপাল মাওলানা নুরুল হুদা প্রমুখ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লক্ষ্মীপুর প্রেসক্লাব সভাপতি হোসাইন আহমদ হেলাল। প্রধান অতিথির বক্তব্যে মাওলানা ডঃ মাহবুবুর রহমান বলেন, অবিলম্বে ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় ঢাকায় প্রতিষ্ঠা করতে হবে এবং প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতিতে কেন্দ্রীয় জমিয়াতুল মোদার্রেছীনের উপস্থাপিত প্রস্তাবনা মেনে নিতে হবে। মাদরাসার ছাত্র-শিক্ষকদের এসব দাবী মানা না হলে দেশব্যাপী আন্দোলন গড়ে তোলা হবে। বক্তারা প্রস্তাবিত শিক্ষানীতিকে মাদরাসা শিক্ষা ধ্বংসের এবং মাদরাসার আরবী শিক্ষকদের চাকরিচ্যুতির শিক্ষানীতি বলে অবহিত করেন এবং এসব ধারা বাতিলের জোর দাবী জানান।

**ফেনী আঞ্চলিক অফিস জানায়,** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন ফেনী জেলা শাখার নেতৃবৃন্দ বলেছেন, বর্তমান সরকার কর্তৃক প্রস্তাবিত শিক্ষানীতি জমিয়াতুল মোদার্রেছীনের সুপারিশকৃত নীতিমালার আলোকে পুনঃ বাস্তবায়ন করতে হবে। অন্যথায় মাদরাসা শিক্ষক সমাজ গণআন্দোলনে যেতে বাধ্য হবে। তারা এই নীতিমালা বাস্তবায়নের জোর দাবী জানান। গতকাল (বৃহস্পতিবার) বিকেলে ফেনী জেলা জমিয়তে আয়োজিত আলোচনা সভায় বক্তাগণ একথা বলেন। জেলা জমিয়তে সভাপতি ফেনী আলীয়া মাদরাসার প্রিন্সিপাল মাওলানা আব্দুল কুদ্দুস ভূঞার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন জেলা সেক্রেটারী কেন্দ্রীয় কমিটির পাঠ্যপুস্তক বিষয়ক সম্পাদক ও ছাগলনাইয়া ইসলামিয়া ফাজিল মাদরাসার প্রিন্সিপাল মাওলানা হোসাইন আহাম্মদ ভূঞা, ফেনী সদর উপজেলা সেক্রেটারী আফতাব বিবি ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা কাজী ইয়াকুব ফারুকী, মাওলানা আতিকুর রহমান মাওলানা আবু হানিফ, মাওলানা মোহাম্মদ হোসাইন, মাওলানা এম আব্দুল্লাহ আনসারী, মাওলানা মোঃ কামাল উদ্দিন, খন্দকার মাওলানা মোঃ হোসাইন, মাওলানা মোহাম্মদ মোস্তফা, মাওলানা মোঃ নুরুল আবসার ফারুকী, মাওলানা মোঃ আলী আহমদ, মাওলানা কে এম আলতাফ হোসাইন, মাওলানা কাজী মোঃ নুরুল আলম, মাওলানা মোঃ নুরুজ্জামান, মাওলানা মুহাম্মদ ইয়াছিন, মাওলানা মুহাম্মদ ইলিয়াছ, মাওলানা মোঃ আবুল খায়ের, মাওলানা মোঃ গিয়াস উদ্দিন, মাওলানা মাহবুবুল হক, মাওলানা আবুল বশর, মাওলানা মোঃ আনোয়ার হোসেন, মাওলানা মোঃ ওবায়দুল হক, মাওলানা মোঃ ফজলুল হক, মাওলানা মেজবাহ উদ্দিন প্রমুখ।

সভায় খুব শিগগিরই ফেনীতে ব্যাপকভাবে জেলা সম্মেলন অনুষ্ঠান এবং সম্মেলনে কেন্দ্রীয় সভাপতি ও দৈনিক ইনকিলাব সম্পাদক আলহাজ্ব এ এম এম বাহাউদ্দীন, মহাসচিব শাব্বির আহমদ মোমতাজীসহ নেতৃবৃন্দের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয় বিস্তারিত আলোচনা হয়। সভাশেষে দোয়া ও মোনাজাত করা হয়। এতে জমিয়াতুল মোদার্রেছীনের প্রতিষ্ঠাতা সভাপতি, দৈনিক ইনকিলাবের প্রতিষ্ঠাতা ও সাবেক মন্ত্রী আলহাজ্ব মাওলানা এম এ মান্নানের (রহঃ) রূহের মাগফিরাত কামনা করা হয়।